



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।

বাংলাদেশের
সুর্ভাগ্যমণ্ডলী
Bangladesh



কলেজ কোড: ঢাকা শিক্ষা বোর্ড : ৪৫২৫, EIIN : ১১৪৭৪৩, জাতীয় বিশ্ববিদ্যালয় : ৫৩০৭

e-mail : kgc10.tangail@gmail.com web: www.kgc.ac.bd, Phone: 02997752601

তারিখ: ০৫/০২/২০২৪ খ্রি:

বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা-এর স্মারক নং- ৬৭৬/উ:মা:পরি:/২০০১/১৫৩০ তারিখ: ০১/০২/২০২৪ খ্রি. মোতাবেক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু প্রাইভেট পরীক্ষার্থীদের আবেদন করার নিয়মাবলী নিম্নরূপ:

- ১। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষা পাশের ০৩ (তিন) বৎসর পর অর্থাৎ ২০১৯ অথবা তার পূর্বে এস.এস.সি/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
- ২। অধ্যক্ষ বরাবর ১৫/০২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রয়োজনীয় ফি এবং নিম্নলিখিত কাগজ পত্রাদিসহ সাদা কাগজে আবেদন করতে হবে।
- ৩। মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসের সত্যায়িত নম্বরপত্র ও প্রসংশা পত্র এবং মূল নম্বরপত্র ও প্রবেশপত্র আবেদনের সাথে জমা দিতে হবে।
- ৪। যে সকল শিক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।
- ৫। প্রার্থীর সম্প্রতিকালের উঠানো ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবির সম্মুখভাগে নিজের নাম লিখে জমা দিতে হবে।
- ৬। শিক্ষক প্রার্থীদের বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকুরীর মেয়াদ বিজ্ঞপ্তি জারির তারিখে অন্তত তিন বছর পূর্ণ হয়েছে এ মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারের সিল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট জমা দিতে হবে। এ ছাড়া বিস্তারিত তথ্যের জন্য অত্র কলেজ অফিসে যোগাযোগ করা যেতে পারে।

বি.দ্র: প্রাইভেট পরীক্ষায় আগ্রহী প্রার্থীদের বোর্ড কর্তৃক প্রকাশিত নিয়মাবলি অনুসারণ করতে হবে।

(প্রফেসর মো: বদরুল আলম)

অধ্যক্ষ

কুমুদিনী সরকারি কলেজ

টাঙ্গাইল।

অধ্যক্ষ

কুমুদিনী সরকারি কলেজ

টাঙ্গাইল.